



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-১৭৭/২০১৭/২২১১৫

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কালিয়াইশ ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ কালিয়াইশ, উপজেলাঃ মতলব দক্ষিণ, জেলাঃ চাঁদপুর-এর ফাজিল স্নাতক(পাস)বি,এ/বিএস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৫.০৩.২০২৩ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৩.২০২৩ খ্রিঃ থেকে ২৫.০৩.২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. ফাজিলসহ সকল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করে সন্তোষজনক সিজিপিএ অর্জনে পড়ালেখার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
২. মাদ্রাসার লাইব্রেরিতে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে যুগোপযোগী বইয়ের সংখ্যা বৃদ্ধি করতঃ শিক্ষার্থীদের পাঠে উৎসাহিত করতে হবে।
৩. মাদ্রাসার অবকাঠামো আরো উন্নত ও পরিপাটি করে পারিপার্শ্বিক পরিবেশ আরো সুন্দর ও পরিচ্ছন্ন করতে হবে।
৪. অধ্যক্ষের কার্যালয় আরো পরিপাটি এবং মানসম্পন্নভাবে সাজাতে হবে।
৫. শিক্ষার্থীদের জন্য বিতর্ক/বক্তৃতা প্রতিযোগিতা প্রভৃতির আয়োজন করতে হবে।
৬. ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা নামাজের জায়গার ব্যবস্থা করতে হবে।
৭. প্রাতিষ্ঠানিক শিক্ষার মান বৃদ্ধি করে বাংলার পাশাপাশি আরবি এবং ইংরেজি শিক্ষার প্রতি গুরুত্বারোপ করতে হবে।
৮. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

David H. O. M. S.

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

কালিয়াইশ ইসলামিয়া ফাজিল মাদ্রাসা

ডাকঘরঃ কালিয়াইশ, উপজেলাঃ মতলব দক্ষিণ, জেলাঃ চাঁদপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-১৭৭/২০১৭/২২১১৫

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, কালিয়াইশ ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ কালিয়াইশ, উপজেলাঃ মতলব দক্ষিণ, জেলাঃ চাঁদপুর।
- ৭। অফিস নথি।

Sutbir Rahman

১১-০৭-২০২৩

(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮